

আমরা না-গান-গাওয়ার দল রে, আমরা না-গলা-সাধার ।
 মোদের ভৈরোরাগে প্রভাতরবি রাগে মুখ-আঁধার ॥
 আমাদের এই অমিল-কণ্ঠ-সমবায়ের চোটে
 পাড়ার কুকুর সমস্বরে, ও ভাই, ভয়ে ফুক্রে ওঠে -
 আমরা কেবল ভয়ে মরি ধূর্জটিদাদার ॥
 মেঘমল্লার ধরি যদি ঘটে অনাবৃষ্টি,
 ছাতিওয়ালার দোকান জুড়ে লাগে শনির দৃষ্টি ।
 আধখানা সুর যেমনি লাগাই বসন্তবাহারে
 মলয়বায়ুর ধাত ফিরে যায়, তৎক্ষণাৎ আহা রে
 সেই হাওয়াতে বিচ্ছেদতাপ পালায় শ্রীরাধার ॥
 অমাবস্যার রাত্রে যেমনি বেহাগ গাইতে বসা
 কোকিলগুলোর লাগে দশম-দশা ।
 শুল্ককোজাগরী নিশায় জয়জয়ন্তী ধরি,
 অমনি মরি মরি
 রাহু-লাগার বেদন লাগে পূর্ণিমা-চাঁদার ॥

Parjaay: Bichitro

Visit www.geetabitan.com for notation and other detail